

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ০৭/১২/২০২০খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সকলকে উন্মুক্ত আলোচনার আহ্বান জানান। মেয়র, মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, আগামী ১৭মার্চ-২০২১ জাতীয় শিশু দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে পৌরসভা কর্তৃক শুধুমাত্র ১৬ মার্চ শহরের প্রধান প্রধান সড়কে রঙ্গীন পতাকা স্থাপন এবং ১৭মার্চ ২০২১খ্রিঃ তারিখ সকাল ৮.০০ ঘটিকার সময় শহীদ ড. সামসুজ্জোহা পার্ক উপস্থিত হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।

জনাব মোছাঃ আলপনা খাতুন সভায় জানান যে, আগামী ২৬ মার্চ-২০২১ইং তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু ও উৎসব মুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে পৌরসভা কর্তৃক শহরের প্রধান প্রধান সড়কে রঙ্গীন পতাকা স্থাপন অর্পণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সরকারী নির্দেশনা মোতাবেক পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

সভাপতি সাহেব পৌর তথ্য ও সেবা কেন্দ্রে দায়িত্বরত কর্মচারীর নিকট কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, ১ জানুয়ারী ২০২১খ্রিঃ তারিখ হতে ৩০জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়ে নতুনভাবে কম্পিউটার প্রশিক্ষণ গ্রহন করছেন এবং তাদের প্রশিক্ষণ আগামী ৩১মার্চ-২০২১ইং তারিখ শেষ হবে। তবে করোনা ভাইরাস বিস্তার রোধ কল্পে সামাজিক দূরত্ব বজায় রেখে প্রশিক্ষণ পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



11.3.21
(সৈয়দ মনজুরুল কবির)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

তথ্য সংস্কৃতি কমিটি

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদস্য অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

১। মেয়র, মেহেরপুর পৌরসভা।

২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

৩। জনাব মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

৪। জনাব মোঃ শাহিনুর রহমান, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।





পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ১১/০৩/২০২১খ্রিঃ

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

| ক্রঃনং | নামঃ | পদবী | স্বাক্ষর |
|--------|------------------------------|-------------------------------|--|
| ০১ | জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন | মেয়র, মেহেরপুর পৌরসভা |  |
| ০২ | জনাব মোছাঃ শিউলী আক্তার | কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা |  |
| ০৩ | জনাব মোছাঃ আলপনা খাতুন | কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা |  |
| ০৪ | জনাব মোঃ শাহিনুর রহমান | কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা |  |